Department of Education

হাই স্কুল ট্রান্সক্রিপ্ট কীভাবে পড়তে হয়

শিক্ষার্থীর রেকর্ড স্কুল, শিক্ষার্থী এবং পরিবারসমূহকে প্রাতিষ্ঠানিক অগ্রগতির প্রতি লক্ষ্য রাখায় সহায়তা করে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের (এনওয়াইসিডিওই-এর) প্যারেন্টস বিল অভ রাইটস এবং স্টুডেন্টস বিল অভ রাইটস অনুযায়ী শিক্ষার্থী, সাবেক শিক্ষার্থী, তাদের পিতামাতা, এবং অভিভাবকমণ্ডলীর অধিকার আছে তাদের রেকর্ড দেখার ও কপি পাওয়ার) এনওয়াইসিডিওই-এর অভ্যন্তরে রেকর্ড শিক্ষার্থীর সাথে এক স্কুল থেকে অন্য স্কুলে স্থানান্তরিত হয়। শিক্ষার্থীর রেকর্ড খোঁজার সেরা স্থান হলো শিক্ষার্থী সর্বশেষ যে স্কুলে ছিলো (বা আছে), সেটি থেকে শুরু করা। আরও তথ্যের জন্য http://schools.nyc.gov/RulesPolicies/StudentRecords/Transcripts ওয়েবসাইট দেখুন।

ট্রান্সক্রিপ্ট কী?

একটি ট্রান্সক্রিপ্ট হলো হাই স্কুল ক্রেডিট, চূড়ান্ত গ্রেড, এবং এনওয়াইসিডিওই-এর নেওয়া সকল পরীক্ষার অফিশিয়াল পূর্ণাঙ্গ রেকর্ড। এটি শিক্ষার্থী হাই স্কুলে থাকাকালে শিক্ষার্থী যেসব কোর্স ও পরীক্ষাসমূহে অংশ নিয়েছে, তার প্রমাণ দেয়।

দুই ধরনের ট্রান্সক্রিপ্ট আছে, যেগুলোর জন্য আপনি অনুরোধ জানাতে পারেন: এক, এটাকে বলা হয় "স্টুডেন্ট ট্রান্সক্রিপ্ট", এটি ইয়ার ও টার্ম অনুযায়ী সাজানো হয়। অপরটি হলো "স্টুডেন্ট পারমানেন্ট রেকর্ড" (শিক্ষার্থীর স্থায়ী রেকর্ড), অনুরূপ তথ্য থাকে, তবে সাজানো হয় পাঠ্য বিষয় অনুযায়ী। "ট্রান্সক্রিপ্ট" হিসেবে আপনার স্কুল উভয় সংস্করণ বুঝতে পারে।

ট্রান্সক্রিপ্ট-এর কাজ কী?

শিক্ষার্থীকে গ্রাজুয়েশনের পথে এগিয়ে নিতে শিক্ষার্থীকে কোন্ কোর্স ও পরীক্ষায় অংশ নিতে হবে, সেটা নির্ধারণ করতে এনওয়াইসিডিওই ট্রান্সক্রিপ্টের তথ্য ব্যবহার করে।

শিক্ষার্থী ভর্তির মানদণ্ড পূরণ করেছে কিনা, সেটা নির্ধারণে কলেজ ও অন্যান্য মাধ্যমিক-উত্তর শিক্ষা প্রতিষ্ঠান ট্রান্সক্রিপ্ট ব্যবহার করে। তদুপরি, ভবিষ্যত নিয়োগদাতাদের কাছে ও মিলিটারিতে হাই স্কুল গ্র্যাজুয়েশনের প্রমাণ হিসেবে ট্রান্সক্রিপ্ট উপস্থাপন করা যেতে পারে।

আমি কী করে আমার ট্রান্সক্রিপ্টের একটি কপি পেতে পারি?

শিক্ষার্থীরা স্কুলে থাকাকালে হাই স্কুলগুলো সাধারণত শিক্ষার্থীদেরকে আনঅফিশিয়াল পর্যায়ক্রমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করে। এগুলো শিক্ষার্থী ও পরিবারকে ট্রান্সক্রিপ্টে প্রদত্ত তথ্যের অভ্রান্ততা যাচাই করার ও সেগুলো সম্পর্কে প্রশ্ন করার সুযোগ দেয়।

আপনি যদি ১৮ বছরের কম বয়েসী কোন শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক হোন, তাহলে স্কুল বছরের যে কোন সময় একটি ট্রান্সক্রিপ্টের জন্য স্কুলে অনুরোধ জানাতে পারবেন। আপনি বর্তমানে যদি এনওয়াইসিডিওই-এর কোন স্কুলের শিক্ষার্থী হোন, তাহলেও আপনি আপনার গাইডেন্স কাউন্সেলরের কাছে যে কোন সময় একটি ট্রান্সক্রিপ্টের জন্য অনুরোধ জানাতে পারবেন।

স্কুলে আমি কি জানতে চাইতে পারি?

- আমার ছেলে বা মেয়ে কখন গ্রাজুয়েশন করবে বলে আপনি প্রত্যাশা করেন?
- গ্র্যাজুয়েট হতে হলে আরও কতো ক্রেডিট করতে বা পরীক্ষা দিতে হবে?
- পরবর্তী টার্মের জন্য তাকে কোন্ কোন্ কোর্স বা পরীক্ষা দিতে হবে?
- আমি কীভাবে তার অগ্রগতিতে সহায়তা করতে পারি?

আপনি কি জানেন?

নিউ ইয়র্ক সিটিতে হাই স্কুল গ্রাজুয়েট হতে শিক্ষার্থীদেরকে নির্দিষ্ট বিষয়গুলোতে ৪৪ ক্রেডিট অর্জন করতে এবং নির্দিষ্ট পরীক্ষাগুলোতে উত্তীর্ণ হতে হয়। অনলাইনে গ্র্যাজুয়েশনের শর্তসমূহে জেনে নিন নিচের ওয়েবসাইট থেকে www.schools.nyc.gov/RulesPolicies /GraduationRequirements । আপনার স্কুলেরও গ্র্যাজুয়েশন কার্ড আছে যেখানে ক্রেডিট ও পরীক্ষার শর্তসমূহের রূপরেখা দেওয়া আছে, শিক্ষার্থী যে বছর নবম গ্রেডে ভর্তি হয়েছে, তার উপর ভিত্তি করে তা তৈরি।

শিক্ষার্থী ও পিতামাতা বা অভিভাবকদের অধিকার আছে তাদের স্কুলের গ্রেডিং পলিসি (নম্বর-নীতি) সম্পর্কে লিখিত তথ্য লাভের অনুরোধ জানাবার। আপনার স্কুলের প্রাতিষ্ঠানিক কর্মসম্পাদনা মূল্যায়নের প্রক্রিয়া জানার জন্য স্কুলের গ্রেডিং পলিসির একটি কপির পেতে গাইডেন্স কাউন্সেলর বা প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করুন।

একটি এনওয়াসি স্কুল অ্যাকাউন্ট দিয়ে পিতামাতা বা অভিভাবক তাদের সন্তানের উপস্থিতি, গ্রেড, মূল্যায়ন এবং সংযোগ তথ্য কম্প্যুটার, ফোন অথবা ট্যাবলেটে দশটি ভাষায় দেখতে পাবেন। আপনার যদি ইতোমধ্যে একটি এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট থাকে, তাহলে লগ ইন করার জন্য http://mystudent.nycওয়েবসাইটে যান। অন এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্টে রেজিস্টার করার জন্য www.schools.nyc.gov/ RulesPolicies/StudentRecords /NYCschools ওয়েবসাইট যাবেন।

আমি কার কাছে সাহায্যের জন্য বলতে পারি? গাইডেন্স কাউন্সেলর অথবা প্রিন্সিপ্যালের সাথে নিম্নলিখিত বিষয়ে কথা বলুন:

নিউ ইয়র্ক সিটির গ্র্যাজুয়েশনের শর্ত	অগ্রগতি গ্র্যাজুয়েশনের পথে	আপনার স্কুলের গ্রেডিংয়ের নীতি

NYC Department of Education

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন

শিক্ষার্থীর স্থায়ী রেকর্ড

স্কুলের নাম

কীভাবে "স্থায়ী রেকর্ড" পড়তে হবে

1 **Name / Id : STUDENT'S NAME / OSIS#####**
Address : STUDENT'S ADDRESS

Ph# : ########## **Ofcl :** XXX **Grade Level :** 09 **Status :** A
Admit Date: 08/01/2015 **Discharge Date :**
DOB : 01/01/2002 **Gender :** X **Graduation Date :**
Parent : PARENT'S NAME **Counselor :** COUNSELOR'S NAME

English / ESL / 1

				Actual Mark		
2 2015 / 1	3 01M957	4 EES81	5 ENGLISH 9	6 86	7 GAUTHIER	8 1.00 / 1.00 9
2015 / 2	01M957	EES82	ENGLISH 9	84	GAUTHIER	1.00 / 1.00

Subject Area : Actual Credits / Credits Earned : **2.00 / 2.00**
Subject Area Average : **85%** Credits Averaged : **2.00**

Social Studies / 2

				Actual Mark		
2015 / 1	01M957	HGS41	GLOBAL STUD 9	73	PARK	1.00 / 1.00
2015 / 2	01M957	HGS42	GLOBAL STUD 9	60	PARK	1.00 / 0.00
2015 / 7	01M957	HGS42	GLOBAL STUD 9	67	PARK	1.00 / 1.00

Subject Area : Actual Credits / Credits Earned : **3.00 / 2.00**
Subject Area Average : **66.67%** Credits Averaged : **3.00**

Mathematics / 3

				Actual Mark		
2015 / 1	01M957	MES21	ALGEBRA I	76	THOMAS	1.00 / 1.00
2015 / 2	01M957	MES22	ALGEBRA I	80	THOMAS	1.00 / 1.00

Subject Area : Actual Credits / Credits Earned : **2.00 / 2.00**
Subject Area Average : **78%** Credits Averaged : **2.00**

Sciences / 4

				Actual Mark		
2015 / 1	01M957	SLS21	LIVING ENVIRON	86	RYAN	1.00 / 1.00
2015 / 1	01M957	SLS21QL	LIV ENVIRON LAB	P	RYAN	0.00 / 0.00
2015 / 2	01M957	SLS22	LIVING ENVIRON	90	RYAN	1.00 / 1.00
2015 / 2	01M957	SLS22QL	LIV ENVIRON LAB	P	RYAN	0.00 / 0.00

Subject Area : Actual Credits / Credits Earned : **2.00 / 2.00**
Subject Area Average : **88%** Credits Averaged : **2.00**

Health/Physical Education / 8

				Actual Mark		
2015 / 1	01M957	PPS81	PHYSICAL ED	81	NELSON	0.50 / 0.50
2015 / 2	01M957	PPS82	PHYSICAL ED	85	NELSON	0.50 / 0.50

Subject Area : Actual Credits / Credits Earned : **1.00 / 1.00**
Subject Area Average : **83%** Term Credits Averaged : **1.00**

10 **Exam Summary**

2015	Term 2	SXRKE	LIV ENVIRO REG JUN	80
2015	Term 2	MXREE	INT ALGEBRA REG JUN	68

Cumulative : Actual Credits / Credits Earned : **10.00 / 9.00**
11 Cumulative Average : **78.90%** Cumulative Credits Averaged : **10.00**

1 এই ঘরটিতে আছে **মৌলিক সনাক্তকারী ও যোগাযোগের তথ্য।** এসব তথ্যের কোনটি অশুদ্ধ হলে স্কুলে যোগাযোগ করুন।

2 যখন কোর্স নেওয়া হয়েছিল, এই কলাম সে **স্কুল ইয়ার ও টার্ম-এর** (2015/1) প্রতিনিধিত্ব করে। একটি টার্ম হলো কোর্সটির পূর্ণ কাল। শিক্ষার্থীরা চূড়ান্ত গ্রেড (প্রকৃত নম্বর/মার্ক) পাবে তাদের ট্রান্সক্রিপ্টে প্রতি টার্মের সমাপ্তির পর।

3 এই কলামে আছে **"ডিবিএন"** বা **"ডিস্ট্রিক্ট/বরো/নাম্বার"** (01M957). যে স্কুলে প্রতিটি কোর্স করা ও গ্রেড দেওয়া হয়, তার বর্ণনা থাকে এখানে। যখন শিক্ষার্থী এনওয়াইসিডিওই-এর একটি স্কুল থেকে অন্যটিতে বদলি হয় বা ডিওই-এর ভিন্ন কোন স্কুলে কোর্স করে, সেক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে একাধিক ডিবিএন থাকবে।

4 এই কলামে আছে **কোর্সের কোড** (EES81), যা থেকে দেখা যায় কি শেখানো হয় এবং সেটি কীভাবে প্রদান করা হয়। এনওয়াইসিডিওই-এর সকল স্কুল একই কোর্স কোড ব্যবহার করে।

5 এই কলামে আছে **কোর্সের শিরোনাম,** (ENGLISH 9), যা বর্ণনা দেয় প্রকৃতপক্ষে কী শেখানো হয়। কোর্স কোডের চেয়ে এর ব্যতিক্রম হলো, স্কুলগুলো তাদের কোর্সের নিজস্ব শিরোনাম দিতে পারে।

6 এই কলামে আছে শিক্ষার্থীর প্রকৃত নম্বর (86), বা **এই কোর্সের চূড়ান্ত গ্রেড।** স্কুল একটি বা অধিক গ্রেড পরিমাপের একক বেছে নিতে পারে (যেমন A-F এবং 65-100). কিছু গ্রেড, যেমন NX, NL, এবং NS শুধু বিশেষ পরিস্থিতিতে দেওয়া হয়। কোন গ্রেড সম্পর্কে প্রশ্ন থাকলে কিংবা স্কুলের গ্রেডিং নীতির কপি পেতে চাইলে স্কুলের সাথে যোগাযোগ করুন।

7 এই কলামে আছে যিনি কোর্স পড়িয়েছেন ও চূড়ান্ত গ্রেড প্রদান করেছে, সে **শিক্ষকের নাম** (GAUTHIER)।

8 এই কলামে **প্রতিটি কোর্স কতো ক্রেডিট বহন করে** (1.00) সেটা দেওয়া থাকে। কিছু কিছু কোর্স, যেমন সায়েন্স ল্যাব ও রিজেন্টস প্রেপ কোর্স, গুরুত্বপূর্ণ অভিজ্ঞতা দেয়, কিন্তু কোন ক্রেডিট ধরা হয় না। এসব কোর্স ট্রান্সক্রিপ্টে উল্লেখ থাকে, কিন্তু ০.০০ ক্রেডিট বহন করে।

9 এই কলামে আছে প্রতিটি কোর্সের জন্য **শিক্ষার্থী কতো ক্রেডিট অর্জন করে**(1.00) সেটা। শিক্ষার্থীরা যেসব কোর্স উত্তীর্ণ হয়, সেগুলোতেই শুধু ক্রেডিট অর্জন করে।

যেসব ক্রেডিটের জন্য চেষ্টা করেছিল ও যেসব ক্রেডিট অর্জন করেছে, তার একটি হিসাব পাওয়া যেতে পারে প্রতিটি বিষয়ের এবং ট্রান্সক্রিপ্টের নিচে। যদি কোন শিক্ষার্থী আগে একটি কোর্সে অকৃতকার্য হয়ে থাকে, তাহলে চেষ্টা করা ক্রেডিটের চাইতে অর্জিত ক্রেডিটের সংখ্যা কম হবে। গ্র্যাজুয়েট হতে হলে নির্দিষ্ট কোর্সে শিক্ষার্থীদেরকে 44 ক্রেডিট অর্জন করতে হবে।

10 এই ঘরটি দেখায় শিক্ষার্থীর **রিজেন্টস পরীক্ষার স্কোর।** স্কুলগুলো অর্জিত সকল রিজেন্টস পরীক্ষার স্কোর না শুধু শ্রেষ্ঠ স্কোর প্রদর্শন করবে, সেটা স্কুল বেছে নিতে পারবে।

11 আপনি যদি গ্রেডের পুঞ্জীভূত গড় কীভাবে নির্ণয় করা হয়, সে ব্যাপারে কোন প্রশ্ন থাকলে আপনার বর্তমান স্কুলের সাথে যোগাযোগ করুন।